

1431 - এক লোককে গোপনে ভালবাসে এবং তার সাথে বিয়ের জন্য দুআ করে

প্রশ্ন

জনৈক মেয়ে এক লোককে গোপনে ভালবাসে এবং আল্লাহর কাছে দুআ করে যেন সে লোক তার স্বামী হয়- এটা কি ভুল?

প্রিয় উত্তর

এ ভালবাসা যদি আল্লাহর ভালবাসা থেকে বিমুখ না করে এবং কোন প্রকার হারাম কথা ও কাজের দিকে নিয়ে না যায় তাহলে এতে কোন অসুবিধা নেই। অনুরূপভাবে এ ব্যক্তি যেন তার ভাগ্যে জুটে এমন দুআ করতেও কোন অসুবিধা নেই; যতক্ষণ পর্যন্ত এই নারী আল্লাহকে ভয় করে।